# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৫

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ কোন বিষয়ে আলিমকে প্রশ্ন করা হলে তার উত্তর প্রদান কিছু সময়ের জন্য স্থগিত রাখা এবং পরবর্তীতে শুরুতেই তার উত্তর প্রদান আলিমের জন্য জায়িয হওয়ার বর্ণনা

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْعَالِمِ إِذَا سُئِل عَنِ الشَّيْءِ أَنْ يُغْضِيَ عَنِ الْإِجَابَةِ مُدَّةً ثُمَّ يُجِيبَ ابتدء منه

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ الْحَسَنِ الْمَرْوَزِيُّ قَالَ:
حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا حُمَيْدٌ الطَّوِيلُ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ:
جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ مَتَى قِيَامُ السَّاعَةِ؟ فَقَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الصَّلَاةِ فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَالَ:
(أَيْنَ السَّائِلُ عَنْ سَاعَتِهِ؟ ) فَقَالَ الرَّجُلُ: أَنَا يَا رَسُولَ اللَّهِ قَالَ:
(مَا أَعْدَدْتَ لَهَا) قَالَ: مَا أعددتُ لَهَا كَبِيرَ شَيْءٍ وَلَا صَلَاةٍ وَلَا صِيَامٍ ـ أَوْ قَالَ: مَا أعددتُ لَهَا كَبِيرَ عَمَلٍ ـ إِلَّا أَنِّي أُحِبُّ اللَّهَ وَرَسُولَهُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(الْمَرْءُ مَعَ مَنْ أَحَبَّ) أَوْ قَالَ: (أَنْتَ مَعَ مَنْ أَحْبَبْتَ)
قَالَ أَنَسٌ: فَمَا رَأَيْتُ الْمُسْلِمِينَ فَرِحُوا بِشَيْءٍ بَعْدَ الْإِسْلَامِ مِثْلَ فرحهم بهذا
□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]

صحيح ـ ((صحيح الأدب المفرد)) (260/ 352)، ومضى برقم (8).

الحديث: 105 ¦ الجزء: 1 ¦ الصفحة: 213

বাংলা

১০৫. আনাস (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট একজন লোক এসে প্রশ্ন করল, হে আল্লাহর রাসূল! কিয়ামত কখন সংঘটিত হবে? তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযে দাঁড়িয়ে গেলেন। অতঃপর নামায সমাপ্তির পর তিনি প্রশ্ন করলেনঃ কিয়ামত সম্পর্কে প্রশ্নকারী লোকটি কোথায়? সে বলল, হে আল্লাহর রাসূল! এই যে আমি।

তিনি জিজ্ঞেস করলেনঃ তুমি কিয়ামতের জন্য কি প্রস্তুতি নিয়েছ? সে বলল, হে আল্লাহর রাসূল! আমি অবশ্য বড় কোন প্রস্তুতি নিতে পারিনি, না (নফল) নামায, না (নফল) রোযাও রাখিনি; অথবা, সে বললঃ আমি বড় কোন আমল করতে পারিনি, তবে আমি নিশ্চয়ই আল্লাহ ও তাঁর রাসূলকে ভালোবাসি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যে লোক যাকে ভালোবাসে, (কিয়ামত দিবসে) সে তার সাথেই অবস্থান করবে। অথবা, তিনি বললেনঃ তুমি যাকে ভালোবাস তার সাথেই অবস্থান করবে। বর্ণনাকারী বলেন, তারা এ কথায় এতই সন্তুষ্ট হলেন যে, ইসলাম গ্রহণের পর মুসলিমদের আর কোন বিষয়ে এত খুশি হতে দেখিনি।[1]

## ফুটনোট

[1] আলবানীঃ সহীহ।
আরনাউত্বঃ সহীহ।

তাখরীজঃ এটি গত হয়েছে ৮ নং এ। বুখারী ৬১৬৭; আদাবুল মুফরাদ ৩৫২; মুসলিম ২৬৩৯ (১৬৪); আহমাদ ৩/১৭৩; আবূ দাউদ, ৫১২৭; তিরমিযী, ২৩৮৫; হাদীসটি মুতাওয়াতির।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87569

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন